রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, অক্টোবর ৯, ২০২৫**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/০৭ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৭.৬৬.০০০০.০০৫.২২.০৩১.১৮(পার্ট-১)-৪৪৬৬**—পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ২৩ নং আইন, যাহা ১০ নভেম্বর, ১৯৯৯/২৬ কার্তিক, ১৪০৬ তারিখে গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত)-এর ধারা ২৯-এ প্রদত্ত ক্ষমতাবলে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর বোর্ড অব গভর্নর্স পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩-এর প্রবিধি ৭৩(১) ও (২) এবং প্রবিধি ৬২(২) এ নিম্নরূপে সংশোধনী আনয়ন করিলেন, যথা:—

(ক) পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩-এ বর্ণিত প্রবিধি ৭৩(১)-এর ১ম ও ২য় লাইনে উল্লিখিত "উপযুক্ত কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন করিয়া"-এর স্থলে "উপযুক্ত কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে" শব্দাবলি প্রতিস্থাপিত হইবে এবং প্রবিধি ৭৩ (২)-এর ১ম ও ২য় লাইনে "কোনো" শব্দাবলি বাতিলপূর্বক "উপযুক্ত কর্তৃপক্ষ কোনো কারণ দর্শাইয়া কোনো কর্মচারীকে" এর স্থলে "উপযুক্ত কর্তৃপক্ষ কারণ দর্শাইয়া কর্মচারীকে" শব্দাবলি প্রতিস্থাপিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

(খ) পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩-এ বর্ণিত প্রবিধি ৬২(২)-এর **১ম**, ৪র্থ ও ৫ম লাইনে উল্লিখিত "বরখাস্ত বা অপসারণের দণ্ড'-এর স্থলে 'বরখাস্ত বা অপসারণ বা বাধ্যতামূলক অবসরের দণ্ড' শব্দাবলি প্রতিস্থাপিত হইবে।

এই প্রজ্ঞাপন গেজেট প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর সিদ্ধান্তক্রমে

**মোঃ মাহমুদ হাসান**
(যুগ্মসচিব)
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd